# সফটওয়্যারের কারুকাজ

## পিসির স্টোরেজ স্পেস অ্যানালাইজ করা

উইন্ডোজ ১০-এর আগে ব্যবহারকারীরা যদি সিস্টেমের ফাইল এবং ড্রাইভারের লেআউট যথাযথভাবে জানতে চান, তাহলে থার্ডপার্টি অ্যাপ্লিকেশন ব্যবহার করতে পারেন। উইন্ডোজ ১০-এর সাথে একটি বিল্টইন টুল রয়েছে। উইন্ডোজ ১০-এ পিসির স্টোরেজ স্পেস অ্যানালাইজ করার জন্য টাস্কবারে সার্চ বক্সে Storage টাইপ করে বেছে নিন Storage সেটিং অপশন। এর ফলে আপনি দেখতে পারবেন ঠিক কোন ধরনের ফাইল আপনার হার্ড ডিস্কের স্পেস ব্যবহার করছে, যেমন মিউজিক বা ভিডিও ইত্যাদি।

### রিসাইকেল বিনকে স্টার্ট মেনুতে রাখা

উইন্ডোজ ১০-এ সম্ভবত বেশিরভাগ নতুন ফিচার খুব বেশি হৃদয়গ্রাহী নয়, যদিও অনেক ব্যবহারকারী এই ওএস-কে অনেক সহায়ক মনে করেন। আপনি প্রথমবারের মতো রিসাইকেল বিন শর্টকাটকে স্টার্ট মেনুতে পিন করতে পারবেন। লক্ষণীয়, উইন্ডোজ ৮-এ স্টার্ট মেনু ছিল না। টাস্কবার থেকে রিসাইল বিন সার্চ করুন। এজন্য আবির্ভূত হওয়া লিঙ্কে ডান ক্লিক করুন এবং Pin to Start অপশন বেছে নিন। একই কাজ আপনি ফাইল এক্সপ্লোরার থেকেও করতে পারবেন।

### একটি নতুন ভার্চুয়াল ডেস্কটপ যুক্ত করা

দীর্ঘদিন ধরে ভার্চুয়াল ডেস্কটপ উইন্ডোজে তাদের পথ তৈরি করে নিয়েছে। সুতরাং অভিজ্ঞ ব্যবহারকারীরা মাল্টিপল স্ক্রিনজুড়ে তাদের অ্যাপকে বিস্তৃত করতে পারেন। এ ক্ষেত্রে টাস্কবার এবং ডেস্কটপ শর্টকাট সার্বিকভাবে একই থাকে। এবার টাস্কবারে Task View বাটনে ক্লিক করুন বা উইন্ডোজ কী+ট্যাব প্রেস করুন আপনার ডেস্কটপের ওভারভিউ আনার জন্য। এবার নতুন একটি যুক্ত করুন বা বিদ্যমান একটি অপসারণ করুন।

### একটি ডেডিকেটেড ট্যাবল মোডে সুইচ করা

উইন্ডোজ ৮ চেষ্টা করছে একটি সম্পূর্ণ অসফল একক ট্যাবলেট মোড এবং একটি ডেস্কটপ মোডে পরিণত হওয়ার। তবে নতুন উইন্ডোজ ১০ ইন্টারফেসে সবকিছু থাকে সুশৃঙ্খলভাবে। আগে উল্লেখ করা অ্যাকশন সেন্টার ওপেন করুন ম্যানুয়লি ট্যাবলেট মোডে সুইচ করার জন্য বা এ অবস্থা থেকে মুক্ত হওয়ার জন্য। তবে আপনি হয়তো আরও সঙ্কুচিত ট্যাবলেট মোড ব্যবহার করতে পারেন। এমনকি মাউস এবং কীবোড যুক্ত থাকলেও।

### পাসওয়ার্ডের পরিবর্তে ফিঙ্গারপ্রিন্ট ব্যবহার করা

এটি উইন্ডোজ হ্যালো বায়োমেট্রিক প্লাটফরমের একটি অংশ। উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেম যুক্ত কমপিউটার তৈরির মডেলের ওপর ভিত্তি করে আপনি এ ফিচারটি ব্যবহার করতে পারেন বা নাও করতে পারেন। একইভাবে এটি ফিঙ্গারপ্রিন্ট সেন্সিং, ফেস রিকগনিশন এবং আইরিশ স্ক্যানিং সাপোর্ট করে। সুতরাং কমপিউটার প্রস্তুতকারক যদি তাদের সিস্টেমে এ ধরনের কিট তৈরির উদ্যোগ নেয়, তাহলে মাইক্রোসফটের নতুন অপারেটিং সিস্টেম এটি সাপোর্ট করবে।

জালাল আহমেদ
*ব্যাংক কলোনি, সাভার*

## উইন্ডোজ ১০-এ স্টার্ট মেনু কাস্টোমাইজ করা

উইন্ডোজ ১০-এ স্টার্ট মেনুকে নিজের মতো করে কাস্টোমাইজ করা যায়। যদি আপনি গতানুগতিক ইন্টারফেসকে লাইভ টাইল দিয়ে ব্লেন্ড করা পছন্দ করেন, যেকোনো টাইলে ডান ক্লিক করে Resize সিলেক্ট করুন টাইল ডাইমেনশন পরিবর্তন করার জন্য উইন্ডোজ ৮-এর স্টার্ট স্ক্রিনের মতো।

বিকল্প হিসেবে যদি আপনি লাইভ টাইল এবং ইন্টারফেসকে খুব অপছন্দ করেন, তাহলে স্টার্ট মেনুতে প্রতিটি ডিফল্ট লাইভ টাইলে ডান ক্লিক করে Uninstall সিলেক্ট করুন সিস্টেম থেকে মুছে ফেলার জন্য। অথবা সমূলে উৎপাটন করার পরিবর্তে যদি শুধু হাইড করতে চান, তাহলে Unpin from Start সিলেক্ট করুন। আপনার পছন্দের সফটওয়্যার দিয়ে ডেস্কটপকে আবার রিপুলেট করার জন্য যেকোনো অ্যাপ বা প্রোগ্রামে ডান ক্লিক করুন এবং Pin to Start সিলেক্ট করুন। এটি অনেকটা উইন্ডোজ ৭-এর স্টার্ট মেনুর মতো।

### ফাইন্ড মাই ডিভাইস

উইন্ডোজ এখন শুধু আর ডেস্কটপের জন্য সীমাবদ্ধ নয়। উইন্ডোজ ১০-এ নতুন এক সহায়ক ফিচার Find My Device সম্পৃক্ত করা হয়েছে। এ ফিচারটি এমন যে আপনি যেভাবে ভাবছেন ঠিক সেভাবে কাজ করবে। দুঃখজনক হলো, এটি এখনও রিমোট লক বা মুছে ফেলার সক্ষমতা অর্জন করেনি।

এটি সক্রিয় করার জন্য মনোনিবেশ করুন Start → Update & Security → Find My Device ফিচারে এবং বড় ধরনের Change বাটনে ক্লিক করুন। এরপর 'Save my device's location periodically' অপশন এনাবল করুন যখন প্রম্পট করবে। এ ফিচার অন হওয়ার পর আপনি লগ করতে পারবেন মাইক্রোসফট অ্যাকাউন্টে এবং মনোনিবেশ করুন account.microsoft.com/devices সাইটে আপনার জানা উইন্ডোজ ১০-এর শেষ লোকেশন দেখার জন্য।

জাব্বার আলী
*জিন্দাবাজার, সিলেট*

## ফাইল এক্সপ্লোরারের কুইক অ্যাক্সেস ভিউ বন্ধ করা

উইন্ডোজ ১০-এ যখন ফাইল এক্সপ্লোরার ওপেন করবেন, তখন নতুন কুইক অ্যাক্সেস ভিউতে এটি হবে ডিফল্ট। নিয়মিতভাবে খুব বেশি অ্যাক্সেস করা আপনার ফোল্ডার এবং অতি সম্প্রতি ভিউ করা ফাইল এটি প্রদর্শন করে। এটি অনেকেই পছন্দ করেন। অন্যথায় যদি আপনি চান ফাইল এক্সপ্লোরার ডিফল্ট হবে This PC-তে, যা পাবেন উইন্ডোজ ৮-এ।

এ কাজটি করার জন্য ওপেন করুন ফাইল অ্যাক্সপ্লোরার। এরপর রিবন থেকে View → Options সিলেক্ট করুন। এর ফলে Folder Options উইন্ডো ওপেন হবে। এবার উপরের ড্রপডাউন মেনু Open File Explorer-এ ক্লিক করে 'This PC' অপশন সিলেক্ট করুন। এরপর Ok-তে ক্লিক করলে আপনার কাজ শেষ হবে।

### রিস্টার্ট শিডিউল করা

যদি আপনার আপডেট পেন্ডিং থাকে, তাহলে পিসি রিবুট করতে হবে। উইন্ডোজ ১০ আপনার জন্য একটি নির্দিষ্ট সময় অনুমোদন করবে শিডিউল করার জন্য।

এবার স্টার্ট মেনুতে Settings অপশন ওপেন করে মনোনিবেশ করুন Updates and Recovery → Windows Update অপশনে। যদি আপনার আপডেট পেন্ডিং থাকে তাহলে স্ক্রিনের বাম দিকে দেখতে পারবেন, যা আপনাকে রিবুট করার জন্য শিডিউল করার সুযোগ দেব 'Select a restart time' রেডিও বাটন সিলেক্ট করার পর। আরও ভালো হবে যদি আপনি গভীরে Advanced Options অপশনে ঢোকেন এবং উইন্ডোজকে একটি রিবুট শিডিউল করার জন্য নোটিফাই করতে, তখনই আপডেট প্রস্তুত হবে চালু হওয়ার জন্য।

সোহেল কবির
*মোহাম্মদপুর, ঢাকা*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে– জালাল আহমেদ, জাব্বার আলী ও সোহেল কবির।*